

001



**৪টি বোর্ডের এস এস সি
পরীক্ষায় সর্বাধিক
নম্বরপ্রাপ্ত লিটন
প্রকৌশলী হইবে**

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

এবার ৪টি বোর্ডের এস এস সি, পরীক্ষায় সবচেয়ে বেশী নম্বর অর্জনকারী মীর মোঃ রুহুল কবীর লিটন একজন প্রকৌশলী হইবে। আশৈশবই অনন্য মেধার অধিকারী লিটনের অভিভাবক মহলও তাহাকে একজন সুদক্ষ প্রকৌশলী হিসাবে দেখিতে চান। এখন তাহার বয়স মাত্র ১৫ বছর। লিটন ৭টি বিষয়ে লেটারসহ মোট ৮৫৫ নম্বর পাইয়া রাজশাহী শিক্ষা বোর্ডের সম্মিলিত মেধা তালিকার শীর্ষে রহিয়াছে। ইংরেজী, সাধারণ গণিত, নৈবাচনিক গণিত, পদার্থ বিজ্ঞান (১ম পঃ দঃ)

লিটন প্রকৌশলী হইবে
(১ম পঃ পর)

রসায়নশাস্ত্র, জীববিজ্ঞান এবং জ্যামিতিক ও কারিগরি অঙ্কনে তাহার অজিত নম্বর শতকরা ৮০-এর উপর। ঢাকা বোর্ডে এবার সর্বোচ্চ নম্বর উঠিয়াছে ৮৫৪, যশোর বোর্ডে ৮৪৪, আর কুমিল্লা বোর্ডে ৮০৬।

২ লক্ষ ৭০ হাজার ৬ শত পরীক্ষার্থীর মধ্যে সর্বাধিক নম্বর অর্জনকারী রাজশাহী সরকারী ল্যাভরেটরী হাইস্কুলের লিটন পরীক্ষার আগে দৈনিক গড়ে ৮ ঘণ্টা পড়াশুনা করিত। পরীক্ষার কয়েকমাস আগে সে দুইজন গৃহ-শিক্ষকের নিকট পড়িয়াছে। তাহার বাবা অবসরপ্রাপ্ত জেল সুপার মীর মোদাসসের আলী নিজেই ছেলের পড়াশুনার তদারক করিতেন ও প্রায়ই তাহাকে পড়াইতেন। ৬ ভাই-বোনের মধ্যে ছোট লিটন নিয়মিত রবীন্দ্র সঙ্গীত গায়। গান গাহিয়া সে স্কুলে কয়েকবার পুরস্কারও পাইয়াছে। তাহার সখ রেডিওতে প্রচারিত খেলাধুলার ধারাবিধরণী শোনা।

[লিটন সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ করিতে কিছু সময় লাগায় প্রতিবেদনটি বিলম্বে প্রকাশ করা হইল।]